

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৬

আগরতলা, ০২ এপ্রিল, ২০২৫

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

‘রেডিওথেরাপি, মেমোগ্রাফি মেশিন অচল ক্যান্সার হাসপাতালে বিপাকে রোগীরা’, এই শিরোনামে গত ৩১ মার্চ, ২০২৫ প্রতিবাদী কলম পত্রিকায় প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে।

এই সংবাদের পরিপ্রেক্ষিতে অটল বিহারী বাজপেয়ী রিজিউন্যাল ক্যান্সার সেন্টারের মেডিক্যাল সুপার জানিয়েছেন যে, এই হাসপাতালে ব্রেস্ট ক্যান্সার নির্ণয়ের জন্য মেমোগ্রাফির থেকেও উন্নত ধরনের মেশিন (ব্রেস্ট সোনোগ্রাফী, ব্রেস্ট এম আর আই, ব্রেস্ট সিটিস্ক্যান) রয়েছে। এই মেশিনগুলির মাধ্যমে রোগ নির্ণয়ের ক্ষেত্রে রোগীদের কাছ থেকে এখনো পর্যন্ত কোনও হয়রানির অভিযোগ পাওয়া যায়নি। তাছাড়া ইতিমধ্যেই একটি মেমোগ্রাফি মেশিন ক্রয় করা হয়েছে, যা এখনো হাসপাতাল কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হয়নি, তবে অচিরেই যাতে এটি স্থাপন করা যায় এজন্য একটি বিশেষ কমিটি গঠন করা হয়েছে।

এদিকে ক্যান্সার রোগীদের রেডিওথেরাপি দেওয়ার জন্য হাসপাতালে একটি COBALT, 2টি Linear Accelerator এবং একটি Brachy Therapy মেশিন রয়েছে। সম্প্রতি একটি Linear Accelerator বিকল হয়ে গেছে, যা সারাই এর কাজ চলছে। আর এই বিকল মেশিনটির স্থানে অন্য একটি মেশিন দিয়ে নিয়মিত রোগীদের রেডিওথেরাপি প্রদান করা হচ্ছে এবং এরজন্য একটি শিফটের স্থানে দুইটি শিফট চালু করা হয়েছে।

অন্যদিকে মেডিক্যাল অফিসারের সংখ্যা কম থাকায় হাসপাতালের আউটডোর বন্ধ রাখতে হয় বলে সংবাদে যা উল্লেখ করা হয়েছে তা সঠিক নয়। বর্তমানে ক্যান্সার হাসপাতালে বিভিন্ন ধরনের ক্যান্সার চিকিৎসার ব্যবস্থা রয়েছে। ওপিডি, ওটি সহ সমস্ত বিভাগেই মেডিক্যাল অফিসারগণ নিজেদের রোস্টার অনুযায়ী নিয়মিত পরিষেবা প্রদান করে চলেছেন।
